



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ১৪/০১/২০১৮

## বরিশাল বিশ্ববিদ্যালয়ে আন্তঃবিভাগ টেবিল টেনিস, ব্যাডমিন্টন ও ক্যারম টুর্নামেন্ট ২০১৮ উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়ে উদ্বোধন হয়ে গেল আন্তঃবিভাগ টেবিল টেনিস, ব্যাডমিন্টন ও ক্যারম টুর্নামেন্ট ২০১৮। অদ্য ১৪ জানুয়ারি ২০১৮ তারিখ বিকাল ৫ ঘটিকায় বীরশ্রেষ্ঠ শহীদ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর একাডেমিক ভবন সংলগ্ন বিশ্ববিদ্যালয়ের ব্যাডমিন্টন খেলার মাঠে বেলুন উড়িয়ে টুর্নামেন্টের শুভ উদ্বোধন করেন মাননীয় উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক এবং ইংরেজী বিভাগের সহকারী অধ্যাপক মোঃ তারিকুল হক এর পরিচালনায় অনুষ্ঠিত উদ্বোধনী কার্যক্রমে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিভিন্ন অনুষদের ডিন, প্রক্টর (ভারপ্রাপ্ত), প্রভোস্টবৃন্দ, ২২ টি বিভাগের বিভাগীয় প্রধানগণ, শিক্ষকমন্ডলী, শিক্ষার্থীবৃন্দ, দপ্তরপ্রধানগণ ও শারীরিক শিক্ষা দপ্তরের সহকারী পরিচালক সহ সংশ্লিষ্ট দপ্তরের অন্যান্যরা। উদ্বোধনী পর্বে সিএসই এবং পদার্থ বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের (ছাত্রী) মধ্যে ব্যাডমিন্টন খেলা অনুষ্ঠিত হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি  
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)  
জনসংযোগ অফিস